



# জাতীয় বিশ্ববিদ্যালয়

## গাজীপুর-১৭০৪

NOTICE\_MASTER'S\_PRELIMINARY\_2014-2015\_DOC (1)

সূত্র- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/মাস্টার্স ১ম পর্ব/২০১৪-১৫/৩৫৯৩

তারিখ: ১৩/১০/২০১৬

### ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন ১৬ অক্টোবর ২০১৬ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ৩০ অক্টোবর ২০১৬ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.admissions.nu.edu.bd](http://www.admissions.nu.edu.bd) অথবা [nu.edu.bd/admissions](http://nu.edu.bd/admissions)) থেকে আগ্রহী প্রার্থীকে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত কলেজে ৩১ অক্টোবর ২০১৬ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এই প্রোগ্রামের ক্লাশ ২০ নভেম্বর ২০১৬ তারিখ থেকে শুরু হবে।

এ ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের কোন ভর্তি পরীক্ষা দিতে হবে না। আবেদনকারীদের স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজে আলাদাভাবে বিষয়ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.admissions.nu.edu.bd](http://www.admissions.nu.edu.bd) অথবা [nu.edu.bd/admissions](http://nu.edu.bd/admissions)) এর **Master's tab** এ **Admission Guideline** থেকে জানা যাবে।

নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website ( <a href="http://www.admissions.nu.edu.bd">www.admissions.nu.edu.bd</a> অথবা <a href="http://nu.edu.bd/admissions">nu.edu.bd/admissions</a> ) এর Masters Tab এর <b>Apply Now (Master's Preli.)</b> অপশনে ক্লিক করে আবেদন ফরম পূরণ করতে হবে।	১৬/১০/২০১৬ থেকে ৩০/১০/২০১৬
২।	সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার তারিখ প্রার্থীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ সংশ্লিষ্ট কলেজে আবেদন ফরম জমা দেয়ার তারিখ	১৭/১০/২০১৬ থেকে ৩১/১০/২০১৬
৩।	প্রাথমিক আবেদনকারীদের ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নিশ্চয়ন করার তারিখ	১৭/১০/২০১৬ থেকে ০২/১১/২০১৬
৪।	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফি সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ সংশ্লিষ্ট কলেজ প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [আবেদনকারী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে <b>Application Payment Info (Preli.)</b> অপশনে ক্লিক করে College Payment অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' এর যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	০৩/১১/২০১৬ থেকে ০৮/১১/২০১৬
<b>দৃষ্টি আকর্ষণ</b>		
২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে সংশ্লিষ্ট কলেজের ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে বরাদ্দকৃত <b>User ID, Password</b> এবং <b>One Time Password (OTP)</b> পেতে পূর্বের মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস বহাল থাকবে। তবে নতুন অধিভুক্ত ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) কলেজসমূহের জন্য অথবা যাদের ই-মেইল নম্বর পূর্বে প্রদান করা হয়নি তাদের <b>User ID, Password</b> এবং <b>One Time Password (OTP)</b> পেতে মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেসসহ ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর আবেদন করতে হবে।		

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডীন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

ও

সদস্য সচিব, মাস্টার্স কোর্সসমূহে ভর্তি পরিচালনা কমিটি

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

সূত্র- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/মাস্টার্স ১ম পর্ব/২০১৪-১৫/৩৫৯৩

তারিখ: ১৩/১০/২০১৬

অনুলিপি:

১। পরিচালক, তথ্য প্রযুক্তি দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়

২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়

৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪